

সীমিত

সেনাসদর

জিএস শাখা (আইটি পরিদপ্তর)

ঢাকা সেনানিবাস

তারিখ: ৮৭১১১১১ বর্ষিত-২২১৬

ই-মেইল: itdte.gso2coord@army.mil.bd

১৭ ভাদ্র ১৪২৮

০৭ আগস্ট ২০২১

২৩.০১.৯০১.০৩৩.০২.২৬৭.০১. ৩১.০৮.২১

২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য ও অগ্রগতির তথ্য প্রেরণ

বরাতঃ

- ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.২৩০.০৬.০০৬.২০- তারিখ ৩১ জানুয়ারি ২০২১।  
খ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.২৩০.০৬.০০৬.২০- তারিখ ০৭ মার্চ ২০২১।  
গ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.২৩০.০৬.০০৬.২০- তারিখ ২৩ মার্চ ২০২১।  
ঘ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.২৩০.০৬.০০৬.২০- তারিখ ২৫ মার্চ ২০২১।

১। বরাত ক, খ ও গ এর প্রেক্ষিতে ২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয় আওতাধীন সেনাসদর, জিএস শাখা, আইটি পরিদপ্তর ডিজিটাল বাংলাদেশ সেনাবাহিনী গঠনে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করে যা নিম্নরূপভাবে প্রেরণ করা হলোঃ

ক। দেশের প্রান্তিক পর্যায়ের সকল ইউনিয়ন পরিষদ এ নেটওয়ার্ক সেবা প্রদানের লক্ষ্যে ০১ মার্চ ২০২০ তারিখে Bangladesh Telecommunication Company Limited (BTCL), অত্যাধুনিক স্যাটেলাইটের মাধ্যমে উন্নত টেলিযোগাযোগ অবকাঠামো বিনিমাণের লক্ষ্যে গত ১১ অক্টোবর ২০২০ তারিখে Bangladesh Satellite Company Limited (BSCL) এবং সুরক্ষিত কর্পোরেট টেলিকম এবং আইটি সেবার লক্ষ্যে ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে Teletalk এর সাথে বাংলাদেশ সেনাবাহিনীর মোট ০৩ টি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। সরকার কর্তৃক আইটি প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব প্রদান করা হলে নির্ভরতার সাথে সম্পন্ন করতে সক্ষম।

খ। বাংলাদেশ সেনাবাহিনীকে সার্বিকভাবে ডিজিটলাইজড এবং নিরাপত্তা নিশ্চিত করণের নিমিত্তে Security Operation Center (SOC), Digital Forensic Lab (DFL), Cyber Security Lab, Regional Data Center (RDC), Disaster Recovery Site (DR), Tier-III Data center, Army Cyber Gp এবং Army Welfare Trust এর অন্তর্গত একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী Trust Innovation Ltd (TIL) প্রতিষ্ঠা করা হয়।

গ। এছাড়াও, সেনাবাহিনীকে সার্বিক ভাবে ডিজিটলাইজড করণের নিমিত্তে Automation এর আওতায় Army Cloud Service চালুকরণ, সেনাবাহিনীর সদস্যগণ ও তাদের পরিবারবর্গের জন্য স্বাস্থ্যসেবা ডিজিটাল সিস্টেম প্রচলনের লক্ষ্যে CMH Automation System চালুকরণ, সেনাবাহিনীর সকল অফিসার এবং জেসিও/ওআরদের iBAS++ পদ্ধতিতে বেতন-ভাতা প্রদানের কার্যক্রম সম্পন্ন করণ, Artificial Int (AI) সম্বলিত উন্নত প্রযুক্তির অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে অটোমেটেড Security Operation Center (SOC) প্রস্তুতকরণ এবং Video Tele Conference (VTC) সংযোগ স্থাপনের সংখ্যা ২০টি থেকে ৩০টিতে উন্নীত করা হয়।

ঘ। ইতিমধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর আইটি সেবা এবং তথ্যের নিরাপত্তা নিশ্চিত করণের নিমিত্তে প্রতি বছর অক্টোবর মাসে Cyber Security Awareness Month এবং ফেব্রুয়ারি মাসে E-mail Security Awareness Month হিসেবে উদযাপন করা হচ্ছে।

মোহাম্মদ সাঈকুর হোসেন

মেজর

পক্ষে সিজিএস

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, - ই-মেইল এর মাধ্যমে  
প্রতিরক্ষা মন্ত্রণালয়, আইসিটি সেল

আভ্যন্তরীণঃ

অবগতিঃ

জিএস শাখা (কর্ড) - ই-মেইল এর মাধ্যমে

এসডি পরিদপ্তর - ই-মেইল এর মাধ্যমে

সীমিত